



বিজিবিকে এলিট ফোর্সে রূপান্তরের আহ্বান নাসীরুদ্দীন পাটওয়ারীর



নাসীরুদ্দীন পাটওয়ারী। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, সীমান্ত নিরাপত্তা বাহিনী হিসেবে বিজিবিকে আরও শক্তিশালী করে এলিট ফোর্সে পরিণত করা উচিত।

মঙ্গলবার (১৯ মে) লালমনিরহাটের হাতীবান্ধা উপজেলার আমঝোল সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের গুলিতে নিহত খাদিমুল ইসলামের পরিবারের সঙ্গে সাক্ষাৎ ও কবর জিয়ারত শেষে তিনি সাংবাদিকদের সঙ্গে কথা বলেন।

তিনি বলেন, বর্তমানে র্যাবকে এলিট ফোর্স হিসেবে বিবেচনা করা হলেও অতীতে এ বাহিনীকে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহারের অভিযোগ রয়েছে। এ অবস্থায় সীমান্ত রক্ষায় নিয়োজিত বিজিবিকেই প্রকৃত এলিট ফোর্স হিসেবে গড়ে তোলা প্রয়োজন।

নাসীরুদ্দীন পাটওয়ারী আরও বলেন, সীমান্তে দায়িত্ব পালন কঠিন হলেও বিজিবি সদস্যদের বেতন ও সুবিধা অনেক কম। সীমিত বেতনে পরিবার চালানো তাদের জন্য কঠিন হয়ে পড়ে। প্রয়োজনীয় স্বাধীনতা ও সক্ষমতার অভাবে অনেক সময় তারা কার্যকরভাবে টহল দিতে পারেন না।

তিনি কুড়িগ্রামের বড়াইবাড়ি সীমান্তের ঘটনাও উল্লেখ করে বলেন, সেখানেই বিজিবি সদস্যরা তাদের সক্ষমতার প্রমাণ দিয়েছিলেন। তার দাবি, সেই সক্ষমতাকে দুর্বল করতেই পিলখানা হত্যাকাণ্ড ঘটানো হয়েছিল।

সীমান্ত পরিস্থিতি নিয়ে তিনি বলেন, ভারতীয় চোরাচালানকারীদের তৎপরতা বেশি। কাপড় ও গরু বেশি দামে বিক্রির জন্য সীমান্তে আনা হয়। পাশাপাশি পরিকল্পিতভাবে ফেনসিডিল কারখানার মাধ্যমে মাদক বাংলাদেশে প্রবেশ করানো হচ্ছে, যা তরুণ সমাজকে ক্ষতিগ্রস্ত করছে।